



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ বাণিজ্য দপ্তর
সরকারী কার্যভবন-১, আশ্রাবাদ, চট্টগ্রাম।
ফোন: ৭২৪১৪০, ৭২১৯০২, ফ্যাক্স: ৭২৪৯৫৪
ই-মেইল: mmdctgbd@gmail.com

নং-৪০২.০১২.০৩২.০০.০০.০৬৫.২০১৫/৪০২৬

তারিখ : ৩১ শে আগস্ট, ২০১৭ খ্রি:।

সার্কুলার নং- ৮/২০১৭

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র দপ্তরের আওতায় রেজিস্ট্রিকৃত সকল উপকূলীয় যাত্রীবাহী নৌযানের ডকিং কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার নিমিত্তে এবং জনগনের জান ও মালের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে এখন হতে উপকূলীয় সকল যাত্রীবাহী নৌযান সমূহের ডকিং কার্যক্রম বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত যে কোন ক্লাসিফিকেশন সোসাইটির সুপারভিশনে/আওতায় সম্পন্ন করতে হবে। সেক্ষেত্রে, নৌযান সমূহ ডকিং সংক্রান্ত ক্লাশের সকল নিয়মকানুন মেনে ডকিং কাজ সম্পন্ন করবে।

তবে, ডকিং করার ০৭ (সাত) দিন পূর্বে নৌযানের মালিক/ প্রতিনিধি-কে এ বিষয়ে অত্র দপ্তরকে পত্রের মাধ্যমে অবহিত করতে হবে। উক্ত পত্রে জাহাজের নাম, ডকইয়ার্ডের নাম, ডকে উঠার তারিখ, ক্লাশের নাম এবং ডকে অবস্থানের সময় সহ সম্ভাব্য রিপেয়ার কার্যক্রম এর একটি সংক্ষিপ্ত বিবরণ দাখিল করতে হবে। পরবর্তীতে, ডকিং শেষে নৌযানটির সকল গেজিং রিপোর্ট, প্রপেলার ও রাডার ক্লিয়ারেন্স ইত্যাদি তথ্য সম্বলিত ক্লাশের একটি চূড়ান্ত ডকিং রিপোর্ট বুকলেট আকারে অত্র দপ্তরে দাখিল করতে হবে। অন্যথায়, উক্ত ডকিং কার্যক্রম অত্র দপ্তরে গ্রহণযোগ্য হবে না।

উল্লেখ্য যে, ক্লাসিফিকেশন সোসাইটির সুপারভিশনে ডকিং কার্যক্রম সম্পন্ন হলে নৌযান সমূহকে অত্র দপ্তরে কোন সুপারভিশন ফি প্রদান করতে হবে না।

এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেয়া গেল।



(মোঃ শফিকুল ইসলাম)
প্রিন্সিপাল অফিসার

বিতরণঃ (কার্যার্থে) :

১. বিআইডরিউটিসি, ২৪, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ফেয়ারলী হাউজ, বাংলা মটর, ঢাকা-১২১৭।
২. গ্রীন লাইন ওয়াটার ওয়েজ, ৯/২, আউটার সার্কুলার রোড, মোমেনবাগ, রাজারবাগ, ঢাকা-১২১৭।
৩. মেসার্স বে ট্রুইজ ইন্টারন্যাশনাল লি., বাড়ী # ১৩/১, রোড # ১২, বাড়ীধারা ডিপ্লোমেটিক জোন, ঢাকা-১২১২।

৪. কেয়ারী টুরস এন্ড সার্ভিসেস লি:, কেয়ারীপ্লাজা (৬ষ্ঠ তলা), ৮৩ সাতমসজীদ রোড, ৮/এ, ধানমন্ডী, ঢাকা-১২০৯।
৫. ওয়েসটার্ন মেরিন সার্ভিসেস লি:, আমিন ফিউচার পার্ক (৭ম তলা), স্ট্যান্ড রোড, চট্টগ্রাম-৪১০০, বাংলাদেশ।
৬. চৌধুরী গ্রুপ অফ ইন্ডাস্ট্রিজ, আখতারুজ্জামান সেন্টার (৯ম তলা), ২১/২২, আখাবাদ, বা/এ, চট্টগ্রাম, বাংলাদেশ।
৭. ক্লাস ডিএনভি জিএল মেরিটাইম অফিস, এইচবিএফসি বিল্ডিং, ৩য় তলা, ১/ডি আখাবাদ বা/এ, চট্টগ্রাম।
৮. ক্লাস এনকেকে, আমিন ফিউচার পার্ক, ৩য় তলা, ১৪৪০ স্ট্যান্ড রোড, গোসাইলডাংগা, চট্টগ্রাম।
৯. ক্লাস ব্যুরো ভেরিটাস, শাহজাদী চেম্বার, ৪র্থ তলা, ১৩৩১/বি শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, চট্টগ্রাম।
১০. ক্লাস লয়েডস রেজিস্টার এশিয়া, বাড়ী # ২৬৭, রোড # ৩, ডিওএইচএস, বারিধারা, ঢাকা-১২০৬,
১১. ক্লাস রিনা বাংলাদেশ লিঃ, লোকমান টাওয়ার, ৬ষ্ঠ তলা, ১৬৪৬ শেখ মুজিব রোড, পাঠানটুলী, চট্টগ্রাম।
১২. ইন্ডিয়ান রেজিস্ট্রি অব শিপিং, আমিন ফিউচার পার্ক, ৩য় তলা, ১৪৪০ স্ট্যান্ড রোড, গোসাইলডাংগা, চট্টগ্রাম।
১৩. কোরিয়ান রেজিস্ট্রি অব শিপিং, প্রযত্নে- এস আর শিপিং, চট্টগ্রাম।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) :

✓ মহাপরিচালক, নৌ-পরিবহন অধিদপ্তর, ঢাকা।